

■ সহীহ ইবনু হিবান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৮৪৬

১৩. কিতাবুল হজ্জ (كتاب الحج)

পরিচ্ছেদঃ যখন কোন ব্যক্তি হজ করবে, তখন আরাফায় অবস্থান ও সেখান থেকে প্রত্যাবর্তন করা সম্পর্কে বর্ণনা

ذِكْرُ وَقْوْفِ الْمَرْءِ بِعِرَفَاتٍ وَدَفَعِهِ عَنْهَا إِلَى الْمُزْدَلْفَةِ إِذَا كَانَ حَاجًا

আরবী

3846 - أَخْبَرَنَا الْحُسَيْنُ بْنُ إِدْرِيسَ الْأَنْصَارِيُّ قَالَ: أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ أَبِي بَكْرٍ عَنْ مَالِكٍ عَنْ مُوسَى بْنِ عُقْبَةَ عَنْ كُرَيْبٍ - مَوْلَى أَبْنِ عَبَّاسٍ - عَنْ أَسَامَةَ بْنِ زَيْدٍ أَنَّهُ سَمِعَهُ يَقُولُ: دَفَعَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مِنْ عَرَفَةَ حَتَّى إِذَا كَانَ بِالشَّعْبِ نَزَلَ فَبَالْمَغْرِبِ ثُمَّ تَوَضَّأَ وَلَمْ يُسْبِغْ الْوُضُوءَ فَقُلْتُ لَهُ: الصَّلَاةُ يَا رَسُولَ اللَّهِ قَالَ: (الصَّلَاةُ أَمَّا مَكَرَ فَلَمَّا جَاءَ الْمُزْدَلْفَةَ نَزَلَ فَتَوَضَّأَ فَأَسْبَغَ الْوُضُوءَ ثُمَّ أَقِيمَتِ الصَّلَاةُ فَصَلَّى الْمَغْرِبَ ثُمَّ أَنَّا خَ كُلُّ إِنْسَانٍ بِعِيرَهُ فِي مَنْزِلِهِ ثُمَّ أَقِيمَتِ الْعِشَاءُ فَصَلَّاهُمَا وَلَمْ يُصَلِّ بَيْنَهُمَا شَيْئًا.

الراوي : أَسَامَةَ بْنَ زَيْدٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر :

التعليق الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3846 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود))
. (1681): ق.

বাংলা

৩৮৪৬. উসামা বিন যাইদ রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আরাফা থেকে রওয়ানা হন। অতঃপর যখন তিনি গিরিপথে আসেন, তখন তিনি অবতরণ করেন এবং পেশাব করেন। তারপর ওযু করেন। কিন্তু তিনি পরিপূর্ণভাবে ওযু করেননি। তখন আমি তাঁকে বললাম, “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, সালাত।” তিনি বলেন, “সালাতের তোমার সামনে (আদায় করা হবে)। তারপর তিনি বাহনে আরোহন করেন। তারপর যখন মুয়দালিফায় আসেন, তখন তিনি নামেন এবং পরিপূর্ণভাবে ওযু করেন। তারপর সালাতের ইকামত দেওয়া হলে তিনি মাগরিবের সালাত আদায় করেন। তারপর প্রত্যেকেই নিজ নিজ উট আপন স্থানে বসান। তারপর ইশার সালাতের ইকামত দেওয়া হয়। তিনি উভয় সালাত

আদায় করেন। কিন্তু উভয় সালাতের মাঝে তিনি অন্য কোন সালাত আদায় করেননি।”[1]

ফুটনোট

[1] বাগাবী, শারহস সুন্নাহ: ১৯৩৭; মুয়াত্তা ইমাম মালিক: ১/৮০০-৮০১; মুসনাদ আহমাদ: ৫/২০৮; সহীহ আল বুখারী: ১৩৯; সহীহ মুসলিম: ১২৮০; আবু দাউদ: ১৯২৫; তাহাবী, শারহ মা'আনিল আসার: ২/২১৪; সুনান বাইহাকী: ৫/১২২; তাবারানী আল কাবীর: ৩৮৬; দারেমী: ২/৫৮; নাসাই: ১/২৯২।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাত্তল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাত্তল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১৬৮১)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ উসামাহ ইবনু যায়দ (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=93185>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন